

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪১৩  
আগরতলা, ৩১ ডিসেম্বর, ২০২৩

সূর্যমনিগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের নতুন ভবনের উদ্বোধন  
বর্তমান কেন্দ্রীয় ও রাজ্য সরকার আগামী প্রজন্মের  
উজ্জ্বল ভবিষ্যৎ গড়ার লক্ষ্যে কাজ করছে : মুখ্যমন্ত্রী

বর্তমান প্রজন্ম আগামী দিনের ভবিষ্যৎ। আজকের ছাত্রছাত্রীদের হাতেই আগামী দিনে দেশের ও রাজ্যের দায়িত্ব থাকবে। বর্তমান কেন্দ্রীয় ও রাজ্য সরকার আগামী প্রজন্মের উজ্জ্বল ভবিষ্যৎ গড়ার লক্ষ্যে কাজ করছে। আজ সূর্যমনিগরে সূর্যমনিগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের নতুন ভবনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ছাত্রছাত্রীরা গুণগত শিক্ষায় শিক্ষিত হলেই দেশ উন্নত হবে। রাজ্য সরকার উন্নত শিক্ষা পরিকাঠামো গড়ে তোলার লক্ষ্যে কাজ করছে। মাত্র কিছু দিনের মধ্যে সূর্যমনিগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের এই ভবনটি নির্মাণ করা হয়েছে। বিদ্যাজ্যোতি প্রকল্পের আওতায় এই বিদ্যালয় রাজ্যের অন্যান্য আধুনিক বিদ্যালয় থেকে কোন অংশে কম নয়। তিনি বলেন, রাজ্য সরকার গুণগত শিক্ষা সম্প্রসারণে পরিকাঠামো উন্নয়নে অগ্রাধিকার দিয়েছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, রাজ্যে জাতীয় শিক্ষানীতি সহ মিশন বিদ্যাজ্যোতি প্রকল্প চালু করা হয়েছে। বর্তমান সরকার ক্ষমতায় এসে গুণগত শিক্ষার প্রসারে রাজ্যে এনসিআরটি পাঠ্যক্রম চালু করেছে। তাছাড়াও বছর বাঁচাও প্রকল্প ও বন্দে ত্রিপুরা নামক একটি শিক্ষামূলক চ্যানেল চালু করা হয়েছে। ছাত্রছাত্রীদের শিক্ষায় আগ্রহী করে তুলতে সুপার-৩০, নিপুন ত্রিপুরা প্রকল্প, বিদ্যা সেতু মডিউল, অঙ্গনওয়ারি কেন্দ্রে মুকুল কর্মসূচি ও বৃত্তিমূলক শিক্ষা চালু করা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে দিব্যঙ্গজন ছাত্রছাত্রীদের জন্যও রাজ্য সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। রাজ্যের ছাত্রছাত্রীদের এখন বহিঃরাজ্যে গিয়ে পড়ার মানসিতাও হ্রাস পেয়েছে। রাজ্যেই এখন উন্নত শিক্ষাব্যবস্থা গড়ে উঠছে। অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী বলেন, পড়াশুনার পাশাপাশি দেশোদ্ভোধের ভাবনাও থাকা প্রয়োজন।

অনুষ্ঠানে বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল বলেন, সরকারের উদ্দেশ্য হল গুণগত শিক্ষার প্রসার। বিদ্যাজ্যোতি প্রকল্পে এই বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ করা হয়েছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উচ্চশিক্ষা অধিকর্তা এন সি শর্মা। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা লিপা দেববর্মা।

\*\*\*\*\*